

## বিশ্ববিদ্যালয়ে গবেষণা জোরদারে রাষ্ট্রপতির আহ্বান

বাসস ●

গবেষণা কার্যক্রম জোরদার করার জন্য দেশের সব বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষকে আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। তিনি বলেছেন, তাহলেই শিক্ষার্থীরা বৈশ্বিক প্রতিযোগিতায় টিকে থাকতে পারবেন। শাহজাদাঈল 'বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মো. আমিনুল হক ভূঁইয়ার নেতৃত্বে একটি প্রতিনিধিদল গতকাল মঙ্গলবার বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি এ আহ্বান জানান।